

## সুপারিশপত্রে স্বাক্ষর না করায় পীরগঞ্জে শিক্ষা অফিসারকে পেটাল ছাত্রলীগ

জেলা বাতী পরিবেশক রংপুর ও প্রতিনিধি পীরগঞ্জ

সুপারিশপত্রে স্বাক্ষর করতে রাধি না হওয়ায় রংপুরের পীরগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলাউল হানীকে পিটিয়ে আহত করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা। গতকাল দুপুর ১২টার দিকে উপজেলা সদরে পীরগঞ্জ কারিগরি কলেজে এ ঘটনা ঘটে। এ ঘটনায় থানায় মামলা হয়েছে। ছাত্রলীগের ক্যাডাররা মামলা প্রত্যাহারের দাবিতে রংপুর ঢাকা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে। ফলে ২ ঘণ্টা যান চলাচল বন্ধ ছিল।

এদিকে ছাত্রলীগ মামলা দায়ের করার প্রতিবাদে বিকৃত নেতাকর্মীরা রংপুর-ঢাকা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করতে থাকলে ব্বর পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা রফিকুল হক বাড়ি নিয়ে ঘটনাস্থলে গেলে ছাত্রলীগের নেতাকর্মীরা বাড়ির ওপর হামলা চালায় এবং তাকেও মারধর করে।

রফিকুল হক অভিযোগ করেন, ভয়ে হত্যা করার উদ্দেশ্যে তার ওপর হামলা চালান হয়েছিল।

পুলিশ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, পীরগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলাউল হানী ম্যামলা সার্ভিসের অধীনে চাকুরি পায়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণ কর্মসূচিতে দায়িত্ব পালনকালে দুপুর অফিসারকে : পৃষ্ঠা : ২ ক : ০

### অফিসারকে : পেটাল

(১৬ পৃষ্ঠার পর)

১২টার দিকে পীরগঞ্জ উপজেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক পলাশের নেতৃত্বে ছাত্রলীগ ক্যাডার রাশেদ, মিল্টু ও সাজু বেশ করে কয়েকজন ছাত্রলীগ নেতাকর্মী কারিগরি কলেজে অনুষ্ঠানরত প্রশিক্ষণ কর্মসূচি চলাকালে সেখানে গিয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে ডেকে এনে একটি নির্দেশনায়ের সূত্র-পানে নিয়োগ সংক্রান্ত কাগজে স্বাক্ষর করতে বলে। তিনি শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেয়ার পর কাগজপত্র দেবে স্বাক্ষর করবেন

কি বলে জানান। এতে ছাত্রলীগ নেতা পলাশ খুবই হয়ে তার দমবন্দ নিয়ে শিক্ষা কর্মকর্তা আলাউল হানীর ওপর আক্রমণ করে তাকে বেদম মারধর করে আহত করে। এ সময় ওই কর্মকর্তা দৌড় দিয়ে একটি কক্ষে গিয়ে আশ্রয় নেন। এ সময় ছাত্রলীগ ক্যাডাররা আঁবারও ওই কক্ষে গিয়ে এসোপাতাড়ি কিল ঘুঁষি ও লাথি মারতে থাকে। তার আশ্রয়নে দায়িত্ব পালনরত অন্য কর্মকর্তা এবং প্রশিক্ষণ গ্রহণরত শিক্ষার্থীরা এগিয়ে এসে তাদেরও দৌঁবে নেয়ার হুমকি দেয় ছাত্রলীগ নেতা পলাশ ও তাদের ক্যাডাররা। ব্বর পেয়ে পুলিশ ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাসহ অন্য কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে আহত শিক্ষা কর্মকর্তাকে উদ্ধার করে।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা রফিকুল হক জানান, বর্তমান সরকারের এক নম্বর অগ্রাধিকার প্রকল্প ম্যামলা সার্ভিসের কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য পরিকল্পিতভাবে ছাত্রলীগ নেতা পলাশের নেতৃত্বে তার সহযোগীরা উপজেলা শিক্ষা কর্মকর্তা আলাউল হানীর ওপর হামলা চালিয়ে তাকে আহত করেছে। ইউএনও বলেন, তাদের ভাঙের কারণে প্রশিক্ষণ মেডা অনেক নারী শিক্ষার্থী কয়ে বাড়ি চলে গেছে। তাদের ওপরও হামলা চালিয়েছে তারা। তিনি বলেন, আহত শিক্ষা কর্মকর্তাকে সঙ্গে নিয়ে পীরগঞ্জ থানায় এসেছেন মামলা দায়ের করতে।

ইউএনও আরও জানান, আমরা যারা উপজেলা প্রশাসনে আছি সরকারিদের নাম ভাঙিয়ে সন্ত্রাসীদের হয়ে আমাদের সঠিকভাবে দায়িত্ব পালন করা অসম্ভব হয়ে পড়ছে। এ ঘটনার দায়ীদের শ্রেষ্ঠতার এবং বিচারের মাধ্যমে শাস্তি না হলে এখানে দায়িত্ব পালন করা দুঃস্বপ্ন হয়ে পড়বে বলে তিনি আগ্রহ প্রকাশ করেন।

অন্যদিকে ছাত্রলীগের ক্যাডারদের হামলায় আহত উপজেলা শিক্ষা কর্মকর্তা আলাউল হানী জানান, তিনি সরকারি দায়িত্ব পালনকালে ছাত্রলীগ নেতা পলাশের নেতৃত্বে যেভাবে তার ওপর হামলা চালিয়ে তাকে নির্মমভাবে পিটিয়ে আহত করা হয়েছে তার বিচার দাবি করে তিনি হাউমাতু করে কেন্দ্রে ফেলেন। তিনি বলেন, এ ঘটনায় তিনি নিজে বানী হয়ে থানায় একটি মামলা দায়ের করেছেন।

এদিকে মামলা দায়ের করার ব্বর পেয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা পীরগঞ্জ উপজেলা সদরের কাছে বাস স্টাড এলাকায় রংপুর-ঢাকা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে। তারা মামলা প্রত্যাহার করার দাবি জানায়। এ ঘটনায় মহাসড়কে যান চলাচল প্রায় ২ ঘণ্টা বন্ধ ছিল।

সার্বিক বিষয়ে জানার জন্য পীরগঞ্জ থানার এসি জাহিদ হোসেনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি মামলা দায়ের করার কথা স্বীকার করে বলেন, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে সন্থা পর্যন্ত পুলিশ কাউকেই শ্রেষ্ঠতার করতে পারেনি। এদিকে উপজেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা বলেছেন, পুলিশ কাছে পেয়েও আসামিদের শ্রেষ্ঠতার করতে না।